

## চট্টগ্রাম ভাসিটি

ডীন ও শিক্ষক প্রতিনিধি  
নির্বাচনে গোলাপী  
প্যানেল জয়ী

চট্টগ্রাম অফিস ॥ গতকাল  
(শনিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের  
ডীন, সিণ্ডিকেট, ফাইন্যান্স কমিটি  
ও একাডেমিক কাউন্সিলের ১৩টি  
পদের সব কয়টিতে মুক্তিযুদ্ধের  
চেতনায় বিশ্বাসী গোলাপী প্যানে-  
লের প্রার্থীরা নিরঙ্কুশ বিজয় অর্জন  
(শেষ পৃ: ১-এর ক: প্র:)

## চট্টগ্রাম ভাসিটি

(১ম পৃ: পর)

করিয়াছে। রাষ্ট্রনীতি বিজ্ঞান বিভা-  
গের অধ্যাপক ড: মোহাম্মদ আবদুল  
হাকিম, সমাজবিজ্ঞান অনুষদের  
ডীন হিসাবে নির্বাচিত হইয়াছেন।  
বাংলা বিভাগের অধ্যাপক ড:  
মনিরুজ্জামান কলা অনুষদের ডীন  
নির্বাচিত হইয়াছেন। সিণ্ডিকেটে  
শিক্ষক প্রতিনিধি হিসাবে নির্বা-  
চিতরা হইতেছেন: অধ্যাপক  
ক্যাটাগরীতে হিসাব বিজ্ঞান।  
বিভাগের অধ্যাপক ড: মঞ্জুর  
মোর্শেদ মাহমুদ, সহযোগী অধ্যা-  
পক ক্যাটাগরীতে হিসাব বিজ্ঞান  
বিভাগের ড: সুলতান আহমদ,  
সহকারী অধ্যাপক ক্যাটাগরীতে  
পরিসংখ্যান বিভাগের এমদাদুল  
হক, প্রভাষক ক্যাটাগরীতে মঈনুল  
ইসলাম, ফিন্যান্স কমিটিতে শিক্ষক  
প্রতিনিধি হিসাবে নির্বাচিত হইয়া-  
ছেন ব্যবস্থাপনা বিভাগের অধ্যা-  
পক ড: আবদুল আউয়াল খান,  
একাডেমিক কাউন্সিলে নির্বাচিত  
প্রতিনিধিরা হইতেছেন: খান  
তোহিদ ওসমান এবং ড: গাজী  
মালেহউদ্দিন (সহযোগী অধ্যাপক  
ক্যাটাগরী), ড: মোহাম্মদ আবদুল  
সাত্তার ও শাহেদুর রহমান (সহ-  
কারী অধ্যাপক ক্যাটাগরী) আরজু  
মোহাম্মদ আতিকুর রহমান ও  
সিরাজউদদৌলা (প্রভাষক ক্যাটা-  
গরী)।

সাদা প্যানেলের সকল প্রার্থী  
পরাজিত হইয়াছেন।

10